

Self Assesment

- ১) ভারতে সামন্ততন্ত্রের উত্থান কোন সময়ে হয়েছিল ? ২) অগ্রহার ব্যবস্থা কি ?
- ৩) **Mode of Production** কি ?
- ৪) ইন্ডিয়ান ফিউডালিজম ও হাউ ফিউডাল ওয়াজ ইন্ডিয়ান ফিউডালিজম এবং ভারতীয় সামন্ততন্ত্র বই দুইটি কার লেখা ?
- ৫) ল্যান্ডর্নালিজম অ্যান্ড টেন্যান্স ইন এ্যানসেন্ট অ্যান্ড মিডিয়াভেল ইনডিয়া অ্যাজ রিভিল্ড বাই এপিগ্রাফিক রেকর্ডস বইটি কে লিখেছেন ?
- ৬) দি কলি এজ-এ পিরিয়ড অব সোস্যাল ক্রাইসিস বইটি কে লিখেছেন ? এর বিষয়বস্তু কি ?
- ৭) গুপ্তযুগে ভূক্তিকে রাম শরণ শর্মা কোন অর্থে ব্যবহার করেছেন ?
- ৮) বলভীরাজ দ্বিতীয় ধরসেনের অনুদান পত্রের বিষয়বস্তু কি ছিল ?
- ৯) গুপ্তযুগে শুদ্র বা কাদের বলা হতো, ঐ সময় কি তাদের সামাজিক অবস্থার কোন কি পরিবর্তন ঘটেছিল, নারদ স্মৃতি অনুসারে ?
- ১০) ভূস্বামী কাদের বলা হয়, গুপ্তযুগে এদের সঙ্গে কৃষকদের কি সম্পর্ক ছিল ?
- ১১) গুপ্তযুগে অবক্ষয়িত কয়েকটি নগরের নাম লিখ ?
- ১২) সমুদ্র গুপ্তের এলাহাবাদ প্রশস্তি কি ?
- ১৩) বেগার প্রথা কি, বিষ্টি এবং বেগার প্রথা কি এক, না আলাদা ?
- ১৪) বাৎস্যায়নের কাম সূত্রে উল্লিখিত বেগার প্রথা সম্বন্ধে রাম শরণ শর্মা কি বলেছেন ?
- ১৫) মুদ্রা কি ? চীনা পর্যটক ফা-হিয়েনের বিবরণ অনুসারে গুপ্তযুগে সাধারণ কেনাবেচার মাধ্যম কি ছিল ?
- ১৬) গিল্ড কি ? গুপ্তযুগে গিল্ড বা নিগম কি স্বতন্ত্র ও স্বাধীন ছিল ?
- ১৭) সামন্ততন্ত্র সম্পর্কে রাম শরণ শর্মার বিরোধীবাদী ৪ জন ঐতিহাসিকদের নাম কর, তাদের বক্তব্য কি ছিল ?
- ১৮) গুপ্তযুগে ঐতিহাসিক ব্রজদুলাল চট্টোপাধ্যায় উল্লিখিত ৪টি নগরের নাম লিখ ?
- ১৯) গুপ্তযুগে সামন্ততন্ত্র উদ্ভব সম্পর্কে তোমার কি অভিমত ?